# নিষিদ্ধ আওয়ামী লীগের নাশকতার সক্ষমতা নেই: স্বরাষ্ট্রমন্ত্রী




স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ৫ আগস্টকে কেন্দ্র করে নাশকতা চালানোর সক্ষমতা নেই বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

সোমবার (৩ আগস্ট) দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সম্প্রতি বিভিন্ন স্থানে বোমাসদৃশ বস্তু উদ্ধারের ঘটনায় আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। একটি মহল দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্টের অপচেষ্টা চালাচ্ছে। আশুলিয়ায় একটি ব্যাগ রেখে যাওয়ার ঘটনার কথাও উল্লেখ করে তিনি বলেন, সেটি উদ্ধার করা হয়েছে। এসব ঘটনার মধ্যে কোনো যোগসূত্র রয়েছে কি না, তা তদন্ত করে দেখা হচ্ছে। তবে অতীতের তুলনায় এ ধরনের ঘটনা এখন অনেক কম বলে জানান তিনি।

তিনি আরও বলেন, উগ্রবাদী তৎপরতা দমনে আইনশৃঙ্খলা বাহিনী সর্বোচ্চ সতর্ক রয়েছে। পুলিশ সদস্যদেরও বিশেষ কিছু নির্দেশনা দেওয়া হয়েছে। কোনো যানবাহন যেন অরক্ষিত অবস্থায় ফেলে রাখা না হয় এবং দায়িত্ব পালনের সময় পুরো টিম একসঙ্গে গাড়ি রেখে কোথাও না যায়। অন্তত একজন সদস্যকে সবসময় গাড়ির কাছে অবস্থান করার নির্দেশ দেওয়া হয়েছে। সরকারের পক্ষ থেকেও সার্বিক নিরাপত্তা পরিস্থিতির ওপর নিবিড় নজর রাখা হচ্ছে বলে জানান তিনি।

LENS ASIA

এক প্রশ্নের জবাবে সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের দুবাইয়ে জামিন প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তাকে শর্তসাপেক্ষে জামিন দেওয়া হয়েছে। জামিনের শর্তগুলো জানতে আদালতের আদেশের সত্যায়িত অনুলিপি সংগ্রহের জন্য সরকার নিয়োজিত ল ফার্মকে অনুরোধ করা হয়েছে।

তিনি বলেন, একই সঙ্গে ওই ল ফার্মকে দ্রুত আদালতে আবেদন করে বেনজীর আহমেদের জামিন বাতিলের উদ্যোগ নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। বেনজীরের কাছে অন্য কোনো দেশের পাসপোর্ট থাকতে পারে বলেও সরকারের সন্দেহ রয়েছে। তাকে দেশে ফিরিয়ে আনতে কূটনৈতিক ও আইনি প্রক্রিয়া একযোগে চালিয়ে যাওয়া হচ্ছে।